# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ১৬.১২.২০২৫

প্রেস রিলিজ

## পাবিপ্রবিতে মহান বিজয় দিবস উদযাপন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ মঙ্গলবার (১৬ ডিসেম্বর) মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। সকাল ৮.১৫ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সামনে থেকে শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের নেতৃত্বে এক আনন্দ র‍্যালি বের করা হয়। র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে স্বাধীনতা চত্বরে গিয়ে শেষ হয়।

র‍্যালি শেষে স্বাধীনতা চত্বরে শহীদদের প্রতি প্রশাসনের পক্ষে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। আরও শ্রদ্ধাজ্ঞাপন করে বিভিন্ন বিভাগ, দপ্তর, হল প্রশাসন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, হল প্রভোস্টসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

শ্রদ্ধাঞ্জলি শেষে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, ‘স্বাধীনতার মাধ্যমে আমরা এ ভূখন্ড পেয়েছি। এদেশকে আমাদের গড়ে তুলতে হবে। এ দায়িত্ব আমাদের সকলের। একটি উন্নত ও মর্যাদাপূর্ণ দেশ গঠনে আমাদের প্রতিজ্ঞাবদ্ধ হতে হবে।’

অনুষ্ঠান শেষে সকল শহিদের জন্য দোয়া এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও ইনকিলাব মঞ্চের ওসমান হাদীর সুস্থতা কামনায় দোয়া করা হয়।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের উপস্থিতিতে ভোরে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন এবং গার্ড অব অনার প্রদান করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান।

১৬.১২.২০২৫
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।